



বিএনপির প্রার্থী তালিকায় হেভিওয়েট কেন্দ্রীয় নেতাসহ যাদের নাম নেই



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করেছে বিএনপি। দেশের ৩০০ আসনের মধ্যে ২৩৭টিতে প্রার্থী ঘোষণা করা হয়েছে।

সোমবার (৩ নভেম্বর) গুলশান বিএনপির চেয়ারপার্সনের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেন মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তবে তালিকায় কেন্দ্রীয় ও স্থায়ী কমিটির অনেক গুরুত্বপূর্ণ নেতার নাম নেই। ফখরুল বলেন, এটি প্রাথমিক তালিকা; প্রয়োজনমতো সংশোধনী আনা যাবে।

তালিকায় নেই স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান, বেগম সেলিমা রহমান, সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, যুগ্ম মহাসচিব হাবিব-উন-নবী সোহেল ও সদ্য মনোনীত যুগ্ম মহাসচিব হুমায়ুন কবীর। এছাড়া চেয়ারপার্সনের উপদেষ্টা আব্দুস সালাম, মোয়াজ্জেম হোসেন আলাল, আমিনুর রশীদ ইয়াসিন এবং ভাইস চেয়ারম্যান আসাদুজ্জামান রিপনের নামও বাদ পড়েছে।

একাদশ সংসদের সংরক্ষিত আসনের সাবেক সদস্য রুমিন ফারহানার নাম তালিকায় নেই। ঢাকা-১০ আসনে মনোনয়ন চেয়েছিলেন নাসির উদ্দিন অসীম ও রবিউল ইসলাম রবি, তবে তাঁদের নামও নেই। মাগুরার একটি আসনে মনোনয়ন চেয়েছিলেন যুবদল নেতা রবিউল ইসলাম নয়ন, তিনিও তালিকায় স্থান পাননি।

তালিকা থেকে দেখা যায়, সিনিয়র নেতাদের পরিবারের অনেক সদস্যও বাদ পড়েছেন। দল আগে থেকেই এক পরিবার থেকে একাধিক প্রার্থী না রাখার নীতি অনুসরণ করেছে। এর ফলে স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদের স্ত্রী হাসিনা আহমদ, মির্জা আব্বাসের স্ত্রী আফরোজা আব্বাস, ইকবাল হাসান মাহমুদ টুকুর স্ত্রী ও সাবেক সংসদ সদস্য রুমানা মাহমুদ বাদ পড়েছেন।

তবে যেসব আসনে সিনিয়র নেতারা প্রতিযোগিতা করতেন, তাদের মৃত্যুজনিত কারণে এবার কিছু আসনে সন্তান বা স্ত্রীকে মনোনয়ন দিয়েছে বিএনপি।